

“ছেলে হোক, মেয়ে হোক,
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম ইউনিট
৬, কাওরানবাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং ৫৯.১১.০০০০.৫৫০.২৩.০০১.২২ (অংশ-২) ৭০৫

তারিখ : ২২/০২/২০২৪

বিষয় : আগামী ০৫-০৭ মার্চ, ২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত দেশব্যাপী স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা কার্যক্রম জোরদারকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ০৫-০৭ মার্চ, ২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে দেশব্যাপী স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা কার্যক্রম জোরদারকরণের উদ্যোগ নেয়া হয়েছে। উল্লিখিত তারিখে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বিভিন্ন সেবাকেন্দ্রে স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা সেবা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত করার লক্ষ্যে বিভিন্ন দিক নির্দেশনা প্রদানপূর্বক নিম্নলিখিত বিষয় সমূহের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করা হলো :

- উপপরিচালকগণ তাঁর জেলার প্রয়োজন অনুযায়ী বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা এর সাথে আলোচনাক্রমে পার্শ্ববর্তী জেলার চিকিৎসক কর্মকর্তাদের সমন্বয়ে স্থায়ী ও দীর্ঘমেয়াদী কার্যক্রম বিষয়ক ক্যাম্প সেবা প্রদান নিশ্চিত করবেন।
- দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা সেবার ক্ষেত্রে যে সকল স্থানে সেবা প্রদানকারীর স্বল্পতা আছে, সেখানে রিজিওনাল কনসালটেন্ট/ ডিস্ট্রিক্ট কনসালটেন্ট, এফপিসিএস-কিউআইটিগণ উপপরিচালক (পরিবার পরিকল্পনা) এবং NGO দের সাথে আলোচনাক্রমে প্রয়োজনীয় সংখ্যক অপারেটিং সার্জন টীম/ সেবা প্রদানকারী টীম গঠন করবেন এবং রিজিওনাল কনসালটেন্ট/ডিস্ট্রিক্ট কনসালটেন্ট, এফপিসিএস-কিউআইটিগণ নিজেরাও সার্জন হিসাবে এ সকল টীমে যুক্ত হয়ে সরাসরি সেবা প্রদান করবেন এবং সেবা কার্যক্রম তদারকি করবেন। প্রশিক্ষিত চিকিৎসক কর্মকর্তাদের সর্বোচ্চ অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- ০৫-০৭ মার্চ, ২০২৪ খ্রিঃ তারিখ দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির ক্যাম্প জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে প্রতিদিনই সংগঠন করে সেবা প্রদান করতে হবে। সকল প্রশিক্ষণপ্রাপ্ত চিকিৎসক কর্মকর্তাগণ স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি ও ইমপ্ল্যান্ট সেবা প্রদান করবেন এবং মহিলা চিকিৎসক কর্মকর্তা, মহিলা স্যাকমো ও পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ আইইউডি সেবা প্রদান করবেন। সেবাকেন্দ্রে প্রতিদিন সেবা প্রদানকারীদের সার্বক্ষণিক উপস্থিতি অত্যাবশ্যিক।
- প্রতি উপজেলার Hard to reach area অথবা দূরবর্তী এলাকা যেখান থেকে ক্লায়েন্ট সহজে উপজেলা সদরে আসতে পারেন না, সে সকল এলাকায় উক্ত তারিখে নিয়মিত সেবাদানের পাশাপাশি দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির ক্যাম্প আয়োজন করতে হবে।
- উপপরিচালক, পরিবার পরিকল্পনাবৃন্দ জেলা সিভিল সার্জনের সাথে আলোচনাক্রমে মার্চ পর্যায়ে কর্মরত কর্মচারীগণ (PPV, FWA, FPI, FWV, Pharmacist, SACMO ও CHCP, HA, AHI, HI, NGO মার্চকর্মী) এর মাধ্যমে উক্ত তারিখে দীর্ঘমেয়াদী ও স্থায়ী পদ্ধতির গ্রহীতা প্রেরণ নিশ্চিত করবেন।
- স্বাস্থ্য অধিদপ্তরের অধীন যে সকল মেডিক্যাল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, জেলা হাসপাতাল ও উপজেলা হাসপাতালে প্রসব পরবর্তী দীর্ঘ মেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা চালু আছে, সে সকল কেন্দ্রে স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিত করার সার্বিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতি সম্পর্কে পরামর্শ প্রদান এবং গ্রহীতার প্রসবের পর পছন্দ অনুযায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি প্রদান করবেন।
- প্রতিটি কেন্দ্রে গুনগত প্রজনন স্বাস্থ্য সেবার আওতাধীন এমআর ও গর্ভপাত পরবর্তী পরিবার পরিকল্পনা সেবা সমূহ নিশ্চিত করবেন।
- এনজিও ও প্রাইভেট সেক্টরের সেবাকেন্দ্র সমূহে প্রতিদিনই দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা প্রদান করবেন।
- প্রতিদিনের সেবা প্রদানের পদ্ধতি ভিত্তিক সংখ্যা ছক মোতাবেক পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমআইএস ইউনিটে প্রেরণের পাশাপাশি এর এক কপি সিসিএসডিপি’র ই-মেইল এড্রেস ccsdpgfp@gmail.com এ পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি সংক্রান্ত যে কোন প্রয়োজনে সিসিএসডিপি ইউনিটের উপপরিচালক (কিউ) ও প্রোগ্রাম ম্যানেজার (কিউ) ডাঃ শামীম মোঃ আকরাম, মোবাইল নম্বর ০১৭১৫০৮৮৪০০ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।
- পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সিসিএসডিপি ইউনিট হতে ইমপ্রুভ ফান্ড, লজিস্টিক ও এমএসআর এর সরবরাহ নিশ্চিত করণে প্রয়োজনীয় সর্বোচ্চ পদক্ষেপ গ্রহণ করবেন।
- কেন্দ্রীয় পণ্যাগার, আঞ্চলিক পণ্যাগার, জেলা সংরক্ষিত পণ্যাগারসমূহ সেবা সত্তা সংক্রান্ত চাহিদা অনুযায়ী দ্রুত পর্যাণ্ড সরবরাহ প্রদান নিশ্চিত করবেন।

অপর পৃষ্ঠা দ্রঃ